## পরীক্ষার্থীর প্রতি সাধারণ নির্দেশাবলী

১। লিখিত পরীক্ষার দিন পরীক্ষা কক্ষে এই প্রবেশ পত্রটি অবশ্যই সঙ্গে রাখতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময়েও এই প্রবেশ পত্রটি সঙ্গে রাখতে হবে। উল্লেখ্য, মৌখিক পরীক্ষার জন্য পৃথক কোন প্রবেশ পত্র ইস্যু করা হবে না।

২। লিখিত পরীক্ষার পূর্ণমান ৭০ নম্বর ও সময় ১ ঘন্টা ৩০ মিনিট।

৩। নির্ধারিত সময়ের ৩০ মিনিট পূর্বে পরীক্ষার কক্ষে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরুর পর কোন অবস্থাতেই কাউকে কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না।

৪। Programmable Calculator সঙ্গে রাখা যাবে না। পরীক্ষায় পেন্সিল ব্যবহার করা যাবে না।

৫। পরীক্ষার্থীর সঙ্গে পরীক্ষা কক্ষের বাইরে অবস্থানরত কারো সাথে যোগাযোগ স্থাপন করা যায় এমন ডিজিটাল সরঞ্জামাদি যেমনঃ মোবাইল ফোন, হেড ফোন, স্মার্ট ওয়াচ, ডিজিটাল ওয়াচ ইত্যাদি পরীক্ষার কক্ষে আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার খাতা বা কোন ডকুমেন্ট/কাগজপত্রাদির ছবি তোলা যায় এমন যে কোন ডিভাইস প্রার্থীর হাতে বা শরীরের কোন স্থানে পাওয়া গেলে তাকে বহিঃষ্কারসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। প্রার্থীর ছবির সাথে পরীক্ষা কক্ষে প্রার্থীর অবয়ব/চেহারা যাচাই করা হবে এবং প্রত্যেক পরীক্ষার্থীর ভিডিও রের্কড সংরক্ষণ করা হবে। ভিডিও করার স্বার্থে প্রার্থীকে সার্বক্ষণিক কান ও মুখ খোলা রাখতে হবে। যাচাইয়ান্তে কোন অসঙ্গতি পরিলক্ষিত হলে তাকে তাৎক্ষনিকভাবে বহিঃষ্কার করা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।